

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২  
www.brta.gov.bd

স্মারক নং- ৩৫.০৩.০০০০.০০৩.৫১.০১২.২৫-৯০২

তারিখ : ৪ আষাঢ় ১৪৩৩  
১৮ জুন ২০২৬

**বিষয়: পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।**

নিম্নোক্ত জরুরি বিজ্ঞপ্তি (রঞ্জিন) বহুল প্রচলিত ০৭ (সাত)টি জাতীয় দৈনিক পত্রিকায় (একাধিক সংস্করণ প্রকাশিত হলে উভয় সংস্করণের) প্রথম বা শেষ পৃষ্ঠায় আগামী .....জুন ২০২৬ তারিখের মধ্যে ০১ (এক) দিন প্রকাশ এবং প্রকাশিত বিজ্ঞপ্তিগুলোর ০১ (এক) টি কপি অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)  
সদর কার্যালয়, বিআরটিএ ভবন  
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২  
www.brta.gov.bd




**মোটরযান চালকের ড্রাইভিং লাইসেন্সের পয়েন্ট কর্তন সংক্রান্ত জরুরি বিজ্ঞপ্তি**

এতদ্বারা সংশ্লিষ্ট মোটরযান চালকদের অবগত করা যাচ্ছে যে, সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ধারা-১১ (১) অনুযায়ী ড্রাইভিং লাইসেন্সের জন্য বরাদ্দকৃত পয়েন্ট ১২। উক্ত আইনের ধারা ৬৬ থেকে ধারা ১০৬ পর্যন্ত বিভিন্ন অপরাধের জন্য বিচার ও দন্ড (অর্থদন্ড, কারাদন্ড, ড্রাইভিং লাইসেন্সের পয়েন্ট কর্তন, ইত্যাদি) বর্ণিত হয়েছে। এছাড়াও সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ তফসিল-৪ এ কতিপয় ট্রাফিক অপরাধের দোষসূচক পয়েন্ট কর্তনের তালিকা উল্লেখ রয়েছে। সড়ক পরিবহন আইন, ২০১৮ এর আওতায় বিচার ও দন্ড কার্যকর করার লক্ষ্যে “রোড সেফটি পেনাল্টি সিস্টেম” (RSPTS) নামে একটি অ্যাপস ডেভেলপ করা হয়েছে এবং সম্প্রতি কার্যক্রম চালু করা হয়েছে। এমতাবস্থায়, সংশ্লিষ্ট মোটরযান চালকগণকে বিদ্যমান আইন ও বিধিমালা অনুসরণ পূর্বক পেশাগত দায়িত্ব পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

বিআরটিএ

পরিচালক (এনফোর্সমেন্ট)  
বিআরটিএ সদর কার্যালয়  
বনানী, ঢাকা-১২১২।

  
১৮/০৬/২৬  
(মোহাম্মদ শহীদুল্লাহ)  
পরিচালক (ইঞ্জিনিয়ারিং)  
ফোনঃ ৫৫০৪০৭১৬  
ইমেইল: de@brta.gov.bd

**অনুলিপি (দ্রুততার ভিত্তিতে নয়):**

- ১। প্রোগ্রামার বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ (বিজ্ঞপ্তিটি বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।